



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

ফোন-০৩০৩৫৫৬৩৯১-৯২, মোবাইল-০১৮৭৬০২৯০৪৬

ই-মেইল- patiyagovtcollege@gmail.com; ওয়েবসাইট- www.patiyagovtcollege.gov.bd

তারিখ : ০২/০৩/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি


উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত

অত্র কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণের ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে অনলাইন আবেদন আহবান করা হয়েছে।

উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলী:

- শুধুমাত্র ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থী হতে হবে;
- অনলাইনে আবেদন করা ও জমার প্রক্রিয়া
- ১। <https://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে “ভর্তি সহায়তা” সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত প্রত্যয়ন ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে পৌরসভা/ইউনিয়ন পরিষদ হতে অভিভাবকের আয়ের প্রত্যয়নপত্র সংগ্রহ পূর্বক অধ্যক্ষের সুপারিশ গ্রহণ করে অনলাইনে আবেদনের সময় তা আপলোড করতে হবে।
- ২। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্থায়ত্বশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত “জাতীয় বেতন স্কেল ২০১৫” অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করতে হবে। অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র আপলোড করতে হবে;
- ৩। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তির স্বপক্ষে প্রমাণপত্র আপলোড করতে হবে ;
- ৪। এসএসসি/সমমান পরীক্ষার উত্তীর্ণ নম্বরপত্র অবশ্যই আপলোড করতে হবে ;
- ৫। সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের আবেদনফরমে অভিভাবক/শিক্ষার্থীদের একাউন্ট নম্বর হিসাবে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসাবে শুধুমাত্র সচল ‘নগদ’ একাউন্ট নম্বর এন্ট্রি করতে হবে।
- ৬। ভর্তি সহায়তা আবেদন প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আবেদন করার তারিখ ০৫ মার্চ ২০২৫ খ্রি. সকাল ০৯:০০টা থেকে ১০ এপ্রিল ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত।




০২/০৩/২০২৫

(প্রফেসর আবদুস সালাম হাওলাদার)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

(Prof. Abdus Salam Howlader)

ID. No. 002076

Principal (Acting)

Patiya Govt. College, Chattogram.